দৈনিক বাংলা

তারিখ ... 3-1 JAN 1993 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪ ...

# প্রধানমন্ত্রীর সঙ্গে ভার্সিটি শিক্ষক নেতাদের সাক্ষাৎ

শনিবার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয় শিক্ষক ফেডারেশনের একটি প্রতিনিধিদল ফেডারেশনের সভাপতি ডঃ এ এস এম ফয়েজের নেতৃত্বে প্রধানমন্ত্রী বেগমম খালেদা জিযার সঙ্গে তাঁর সুগন্ধা অফিসে সাক্ষাৎ করেন।

বাসস জানায় ঃ ফেডারেশন নেতৃবৃন্দ প্রধানমন্ত্রীর সঙ্গে আলোচনাকালে আশ্বাস দেন যে, তাঁরা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শান্তি-শৃংখলাপূর্ণ পরিবেশ রক্ষায় সরকারকে সহযোগিতা করবেন। প্রতিনিধিদল প্রধানমন্ত্রীকে বিশ্ববিদ্যালয় শিক্ষকদের বিভিন্ন সমস্যা সম্পর্কে অবহিত করেন।

প্রধানমন্ত্রী শিক্ষক ফেডারেশন নেতৃ-

(আটের পাতায় ৩-এর কঃ দ্রঃ)

## প্রধানমন্ত্রীর সঙ্গে

( প্রথম পাতার পর )

বর্গকে আশ্বাস দেন, তাঁদের সমস্যা সমাধানে সরকার নজর দেবেন। বৈঠকে শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার জমিরউদ্দীন সরকার ও শিক্ষা প্রতিমন্ত্রী প্রিন্সিপাল মোহাম্মদ ইউনুস খানও উপস্থিত ছিলেন।